

Ex/BANGLA/PG/2.2/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

বাংলা বিতর্কের গদ্য ও নকশা

কোর্স : পি.জি. - ২.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. সতীদাহ-প্রথা নিবারণের পক্ষে দাঁড়িয়ে বিরোধীপক্ষের মূল যুক্তিগুলি রামমোহন কীভাবে খণ্ডন করেছিলেন তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা
২. রামমোহন রায় কীভাবে পশ্চিমী যুক্তিবাদকে তাঁর 'তুহফাতুল মুয়াহিদ্দিন' গ্রন্থে পেশ করেছেন তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা
৩. ইসলামীয় দর্শন ও পশ্চিমী যুক্তিবাদের বোঝাপড়া কীভাবে 'তুহফাতুল মুয়াহিদ্দিন'র অভিমুখকে তৈরি করে দিয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ১০
৪. শাস্ত্রজ্ঞান ও সমাজবোধের মিলিত রূপেই তৈরি হয় বিদ্যাসাগরের নিজস্ব যুক্তিক্রম। মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

(Turn over)

(2)

৫. রামমোহন দাবি করলেন ‘মনুসংহিতা’ হল শ্রেষ্ঠ ধর্মশাস্ত্র, অন্যদিকে বিদ্যাসাগরের দাবি, ‘কলিকালে’ ‘পরশর সংহিতা’ই প্রধানতম মান্য শাস্ত্র। এই পরস্পরবিরোধী দাবির মধ্যেই লুকিয়ে রয়েছে তাঁদের তর্কপদ্ধতির নিজস্ব জোরের জায়গা। মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

৬. ‘আলালের ঘরের দুলাল’কে কি উপন্যাস হিসেবে বিবেচনা করা যায়? যুক্তিসহ তোমার মতামত লেখো। ১০

অথবা

৭. ‘আলালের ঘরের দুলাল’ আখ্যানে নৈতিকতার প্রসঙ্গ কেন এবং কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

৮. ‘নকশা’ শব্দটি গ্রন্থনামে ‘হুতোম পাঁচার নকশা’-তেই প্রথম ব্যবহৃত হয়। এই বিশেষ শব্দটির ব্যবহারের তাৎপর্য তোমার পাঠ্য অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

৯. ‘পাঠক! চড়কের যথাকথঞ্চিৎ নকশার সঙ্গে কলিকাতার বর্তমান সমাজের ইনসাইট জানলে, ক্রমে আমাদের সঙ্গে যত পরিচিত হবে, ততই তোমার বহুজ্ঞতার বৃদ্ধি হবে, তাতেই প্রথমে কোট করা হয়েছে “সহর শিখাওয়ে কোতোয়ালী”।’ – ‘কলিকাতার চড়ক পার্বণ’ পরিচ্ছেদের শেষে হুতোমের এই সিদ্ধান্তটিকে তুমি কীভাবে পড়বে জানাও। ১০